তারিখ ... 25 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

আমাদের সময়

গাড়িচাপায় দুজনের মৃত্যু

# আত্মগোপনে শাবি শিক্ষক

শাবি প্রতিনিধি ● শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিজের প্রাইভেটকারের নিচে চাপা পড়ে দুই পথচারী নিহত হওয়ার পর শিক্ষক আরিফুল ইসলাম আত্মগোপনে চলে গেছেন বলে পুলিশ জানিয়েছে। গাড়ি চালানো শেখার সময় বিশ্ববিদ্যালয়ের গেটে গত শনিবার শাবি শিক্ষকের গাড়ির চাকায় আঘাত পেয়ে ২ পথচারী নিহত হন।

জালালাবাদ থানার ওসি আক্তার হোসেন বলেন, তিনি (আরিফুল) আত্মগোপনে রয়েছেন। সকাল থেকে ক্যাম্পাসে আসেননি। তিনি বাসায়ও নেই। আমরা চেষ্টা করেও তার সন্ধান করতে পারিনি। এ ঘটনায় থানায় মামলা করার জন্য নিহতদের পরিবারের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## আত্মগোপনে শাবি শিক্ষক

(৩ এর পৃষ্ঠার পর) সদস্যরা প্রস্তুতি নিচ্ছেন বলে তিনি জানান। ওসি বলেন, শনিবার আরিফুল ইসলাম নিজের নতুন কেনা গাড়ি চালানো শিখছিলেন। দুপুর ১২টায় তার গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে তিন পথচারীকে চাপা দিয়ে গাছের সঙ্গে ধাক্কা খায়।

অধ্যাপক আরিফুলের গাড়িচাপায় নিহতরা হলেন সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলার পূর্ব কাতিয়া গ্রামের গিয়াস উদ্দিন (৭০) ও তার ভাতিজা আতাউর রহমান (৫০)। আহত সেলিনা পারভীন নিহত আতাউরের মেয়ে। তাকে সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গাছের সঙ্গে ধাক্কায় গাড়িটি সামনের অংশ দুমড়ে গিয়ে আরিফুল ও তার গাড়িচালক আবুল কালামও কিছুটা আহত হন। ঘটনার-পর পর বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাসায় ফিরে যান ওই শিক্ষক। এ বিষয়ে উপাচার্য অধ্যাপক আমিনুল হক ভূঁইয়া গতকাল দুপুরে বলেন, তিনি (আরিফ) মেডিক্যাল সেন্টারে প্রাথমিক চিকিৎসা শেষে বাসায় ফিরলে তাকে দেখতে গিয়েছিলাম। এরপর তিনি বাসা ছেড়ে চলে যান বলে শুনেছি। সহকারী প্রক্টর সামিউল ইসলাম বলেন, তার মোবাইল ফোন বন্ধ রয়েছে। সকালে তার সঙ্গে যোগাযোগের চেষ্টা করেছি। কিন্তু তার মোবাইল ফোন বন্ধ থাকায় তা সম্ভব হয়নি।